

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১১.০২৫.১৪(অংশ-৩). ৮৪০


তারিখঃ ১১-১২-২০১৯ খ্রি.

বিষয় : আউটসোর্সিং অফিস সহায়কদের তথ্য সরবরাহ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে আউটসোর্সিং পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়োগকৃত অফিস সহায়ক-দের তথ্য প্রতিমাসে সরবরাহের জন্য ইতোপূর্বে অনুরোধ জানানো হলেও অধিকাংশ জেলা হতে নিয়মিত তথ্য সরবরাহ করা হচ্ছে না। এছাড়া সম্প্রতি কিছু কিছু অফিস সহায়ক-দের বদলী করা হলেও নির্ধারিত সময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান করেছে কিনা তা জানা যায়নি। কর্মস্থল সঠিক না থাকায় কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। এ পর্যায়ে, ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে তার জেলাধীন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে নিয়োগকৃত অফিস সহায়ক-দের তথ্য হালনাগাদ করণের লক্ষ্যে নিম্নোক্ত ছকে তথ্যাদি জরুরিভিত্তিতে **শুধুমাত্র burhanddm@gmail.com / beautyakhter542@gmail.com** ই-মেইলে আগামী ১৭-১২-২০১৯ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নং	অফিস সহায়ক (আউটসোর্সিং) এর নাম	বর্তমান কর্মস্থল ও যোগদানের তারিখ	১ম যোগদান থেকে পূর্বতন কর্মস্থলসমূহ	জন্ম তারিখ	মোবাইল নম্বর	বদলীর আদেশাধীন কিনা (হ্যাঁ/না)

২। বিষয়টি অতীব জরুরি।


(ডা. সঞ্জীব সূত্রধর)
(উপসচিব)

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
..... (সকল)

উপপরিচালক (প্রশাসন-২)
ফোনঃ ৯৮৮-৬০১৭


অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, (সকল)।
- ২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৩। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।